


ইন্টারভিউ সম্পর্কিত টিপস এবং প্রস্তুতি বিষয়ক গাইডলাইন/নির্দেশনা



Digital
Literacy
Center



ভাইয়া
কাল আমি একটা
প্রাইভেট কোম্পানিতে
চাকরীর ইন্টারভিউ
দিতে যাবো।

বাহ! শুভ কামনা। আশা
করি খুব ভালো হবে।

দোয়া করো।
প্রথম তো একটু
নার্ভাস লাগছে।

বোকা নাকি, নার্ভাস হওয়ার কী আছে? আমি
কিছু কথা বলি এগুলো মনে রাখ তাহলেই

আচ্ছা বলো
ভাইয়া!

শোন ইন্টারভিউ দিতে যাওয়ার সময়
পোশাকের প্রতি লক্ষ্য রাখবি।

চুল এলোমেলো রাখবি না। মার্জিত পোশাকে যাবি।
পোশাক রুচিবোধের প্রকাশ ঘটায়।




যাওয়ার সময় অবশ্যই সিভি, কভার লেটারের
একটি কপি, প্রয়োজনীয় সার্টিফিকেট, মার্কশিট
এবং অন্যান্য ডকুমেন্ট প্রিন্ট করে নিয়ে যাবি।

তারপর ইন্টারভিউতে বাংলায় প্রশ্ন
করলে বাংলাতেই উত্তর দিবি।

তুই ইংরেজিতে দুর্বল হলে, বাংলায় কথা বলার
অনুমতি চেয়ে নিবি। ইন্টারভিউ বোর্ডের যিনি
প্রশ্ন করবেন তার দিকে তাকিয়ে উত্তর দিতে
হবে, নিচে অথবা এদিক সেদিক তাকাবি না।

প্রশ্ন মনযোগ সহকারে শুনবি এবং কথার
মাঝখানে কথা বলবি না। প্রশ্ন শেষে তাকে
বলার সুযোগ দেয়া হলে তখন তুই বলবি।

তারপর ইন্টারভিউ চলাকালীন ফোন সাইলেন্ট করে রাখবি।
ইন্টারভিউতে মিথ্যা বলবি না। যে কোম্পানিতে ইন্টারভিউ
দিবি সে কোম্পানি সম্পর্কে জেনে যাবি।



শোন ইদানীং অনলাইন ইন্টারভিউ এর প্রচলন শুরু হয়েছে।

অনলাইন ইন্টারভিউ এর ক্ষেত্রে উপরের বিষয়গুলো ছাড়াও খেয়াল রাখতে হবে যেন তোর ডিভাইসের ইন্টারনেট সংযোগ নিরবচ্ছিন্ন থাকে, ওয়েবক্যাম, হেডফোন স্পীকার, ইত্যাদি সঠিকভাবে যুক্ত আছে কী না।

যেন ইন্টারভিউ এর সময় আশেপাশ থেকে শব্দ না আসে।

মনে থাকবে তো?

অবশ্যই থাকবে।
তোমাকে অনেক
ধন্যবাদ।

তোর জন্য
শুভ কামনা
ভাইয়া।